ছেলে হোক মেয়ে হোক, দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নবগ্রাম রোড
ঝালকাঠি
fpo.jhalakathi.gov.bd

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৪১

**বিষয়: শেখেরহাট MCWC পরিদর্শন প্রতিবেদন।**

সূত্র: পরিদর্শনের তারিখঃ ১৬/০২/২০২৩ খ্রি.

গত ১৬/০২/২০২৩ খ্রি. তারিখে শেখেরহাট MCWC পরিদর্শন করি। পরিদর্শনকালে SACMO/FPI উপস্থিত ছিলেন। FWV স্যাটেলাইটে আছেন বলে জানা যায়। এছাড়া অন্যান্য সহায়ক কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শনের সময়ে সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) সংগে ছিলেন। কেন্দ্রটির চারপার্শ্বে আগাছা দ্বারা পরিপূর্ণ দেখা যায়। এছাড়া বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। সেবার পরিমান বেশ কম। ঔষধসমূহ আইটেম ভিত্তিক সজ্জিত নেই। স্টোর ব্যবস্থা ত্রুটিপূর্ণ। এরফলে ঔষধ/এমএসআর মেয়াদোত্তীর্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। SACMO/FWV কর্মস্থলে অবস্থান করেন না। এরফলে সেবা প্রদান বিঘ্নিত হওয়ার সম্ভাবনা সৃষ্টি হচ্ছে। কেন্দ্রটির পরিস্কার পরিছন্নতার অভাব রয়েছে। রংদিয়ে ওয়ালে লেখা কেন্দ্রটির নাম ইতোমধ্যে অস্পষ্ট হয়ে গিয়েছে। বরাদ্দকৃত প্রচারণা খাত থেকে কেন্দ্রটির নাম এবং সেবা প্রদানকারীদের নাম ও ঠিকানা দৃশ্যমান জায়গায় লিখে প্রদর্শন করা প্রয়োজন। কেন্দ্রটিতে সেবার মান ও পরিমান বৃদ্ধির যথেষ্ট সুযোগ রয়েছে। পরিস্কার পরিছন্নতা নিশ্চিতে সেবা কেন্দ্রে আগাছা কাটার জন্য প্রয়োজনীয় জিনিস পত্র সরবরাহ প্রদান করা যেতে পারে। ইতোপূর্বেও কেন্দ্রটি পরিদর্শন করে প্রায় অভিন্ন অবস্থায় দেখা যায়। সার্বিক কার্যক্রম উন্নয়নে দৃশ্যমান কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি বলে প্রতিয়মান হয়েছে। সেবা বৃদ্ধির জন্য নিয়মিত বিশেষ ক্যাম্প আয়োজন করা প্রয়োজন। নিম্ন বর্ণিত পরামর্শ বাস্তবায়নে সংশ্লিষ্ট UFPO/MO(MCH-FP) কে অনুরোধ জানানো হয়।

পরামর্শঃ

১। SACMO/FWV কে অনতিবিলম্বে কর্মস্থলের ডরমিটরিতে অবস্থান নিশ্চিত করা।
২। অনতিবিলম্বে বিদ্যুত সংযোগের ব্যবস্থা গ্রহণ করা।
৩। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরী স্বাস্থ্য সেবা বৃদ্ধিতে দৃশ্যমান উদ্যোগ গ্রহণ করা।
৪। ANC/PNC সেবা বৃদ্ধির মাধ্যমে NVD নিশ্চিত করা।
৫। কেন্দ্রের আগাছা পরিস্কার করণে দা/খুন্তি সরবরাহ করা।
৬। কেন্দ্রটিতে নিয়মিত বিশেষ ক্যাম্প আয়োজন করা।
৭। সেবা প্রদানকারীদের নাম ও ঠিকানা সম্বলিত বোর্ড/ব্যানার তৈরি করে দৃশ্যমান জায়গায় স্থাপন করা।
৮। উপজেলা পর্যায় থেকে তদারকি বৃদ্ধি করা এবং বরাদ্দকৃত অর্থ যথাসময়ে খরচ নিশ্চিত করা।
৯। MCWC এর নীতিমালা মোতাবেক কেন্দ্রটিতে পর্যাপ্ত ঔষধ সরবরাহ করা।

১৭-০২-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক
০১৭২০১৫৫৫৯১
isshahidi2009@gmail.com

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার ( এমসিএইচ-এফপি), ঝালকাঠি সদর, ঝালকাঠি।।

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৯.১১.৪২০০.০০০.৩৩.০০১.২৩.৪১ /১ (১)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।।

১৭-০২-২০২৩
মোঃ শহীদুল ইসলাম
উপ পরিচালক